আজকের কাগজ

তারিখ ... 18 SEP 1992
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

## দেশব্যাপী শিক্ষা দিবস পালিত

গতকাল '১৭ সেপ্টেম্বর ছাত্র সমাজ দেশব্যাপী 'শিক্ষা দিবস' পালন করেছে। শিক্ষা দিবসের এবারের শ্লোগান ছিলো "শিক্ষা সুযোগ নয়, অধিকার।" ১৯৬২ সালে শিক্ষা সম্পর্কিত শরীফ কমিশন রিপোর্ট বাতিলের দাবিতে ছাত্ররা ধর্মঘট ডেকেছিলো। পুলিশ ধর্মঘট চলাকালে ছাত্রদের ওপর পুলিশের প্রকাশ্য গুলিতে মোস্তফা, বাবুল এবং ওয়াজি উল্লাহ এই ৩ জন ছাত্র নিহত হয়। উল্লেখ্য, ১৯৫৯ সালের ২৬ আগস্ট সাবেক শিক্ষা সচিব এস.এম শরীফকে প্রধান করে ঐ কমিশন গঠন করা হয়। তারা শিক্ষানীতির ওপর একটি নতুন রিপোর্ট করে। যা ছিলো বিজ্ঞানভিত্তিক শিক্ষা ও গণস্বার্থের পরিপন্থী। তথাপি পাকিস্তান সরকার ১৯৬১-৬২ শিক্ষা বর্ষে সেই রিপোর্ট কার্যকর করার সিদ্ধান্ত নেয়। আর তাই সরকারের এ সিদ্ধান্তের প্রতিবাদে প্রতিবাদমুখর হয়ে ওঠে ছাত্র সমাজ। ডাকে ধর্মঘট। পুলিশের গুলিতে নিহত হয় ৩ জন ছাত্র। ফলে ১৭ সেপ্টেম্বর শিক্ষা দিবস হিসেবে গৃহীত হয়। বিভিন্ন ছাত্র সংগঠন যথাযোগ্য মর্যাদায় এ দিবসটি প্রতিবছর পালন করে থাকে। খবর ইউএনবি।